গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিরাই, সুনামগঞ্জ।
www.derai.sunamganj.gov.bd

নভেম্বর-২০১৮ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা এনজিও বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ শরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
তারিখ ও সময় ঃ ১২ নভেম্বর ২০১৮ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত এনজিও সমূহের তালিকা ঃ পরিশিষ্ট "ক" তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

***উপস্থিতি ও প্রতিবেদন সংক্রান্ত*** *ঃ* বিভিন্ন এনজিও কর্তৃক প্রেরিত প্রতিবেদন এবং সভার উপস্থিতি পর্যালোচনায় দেখা যায় যে, এ মাসে মোট ০৫ জন এনজিও প্রতিনিধি সভায় উপস্থিত আছেন এবং ০৫ জন এনজিও প্রতিনিধি অনুপস্থিত রয়েছেন। ০৫ জন এনজিও প্রতিনিধি হতে ওয়ার্কিং পেপার/প্রতিবেদন পাওয়া যায়। এনজিও প্রধানগণকে নিয়মিত এনজিও বিষয়ক সভায় সময়মত উপস্থিত থাকার এবং প্রতি মাসের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে দাখিল করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ব্র্যাকঃ উক্ত প্রকল্পের প্রকল্প কর্মকর্তা জনাবা পারুল আক্তার সভায় জানান, দিরাই উপজেলায় ব্র্যাক প্রাইমারী স্কুল রয়েছে ৫৮ টি। এর মধ্যে শিক্ষাতরী ১৯ টি। মোট শিক্ষক সংখ্যা ৫৮ জন। এখানে ১২৩৯ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। যাদের বয়স ০৮-১২ বছর। দিরাই উপজেলায় ব্র্যাক গনকেন্দ্র পাঠাগার রয়েছে ১০ টি। এখানে ৪২৩০ জন সদস্য বিভিন্ন ধরনের শিক্ষামূলক কর্মকান্ডের সহিত জড়িত রয়েছে। তন্মধ্যে শরীরচর্চা, খেলাধুলা, কম্পিউটার এবং বিভিন্ন ধরনের বই আছে। গত মাসে নারী নির্যাতন সংক্রান্ত অভিযোগ এসেছে ০২টি, এর মধ্যে নতুন ও পুরাতন মিলে সমাধান করা হয়েছে ০৩ টি। গত মাসে নতুন যক্ষ্মা রোগী ২৮ জন সনাক্ত করা হয়। এছাড়া চিকিৎসা/রোগ নির্নয়ের জন্য ০৫ জনকে ১৬৭০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এ মাসে স্বাস্থ্য সেবিকা দ্বারা ৬৮৫ জন নতুন গর্ভবতী চিহ্নিত করা হয়েছে। ব্র্যাক স্বাস্থ্য কর্মীর দ্বারা গর্ভকালীন মায়েদের পরিচর্যা করা হয়েছে ২৪৬৭ জন। এছাড়া স্বাস্থ্য কর্মীর দ্বারা এ মাসে ৩৩১ জন প্রসবকৃত মায়ের মধ্যে ২৬৮ জনকে ২৪ ঘন্টার মধ্যে প্রসব পরবর্তী পরিচর্যা দেওয়া হয়। ব্র্যাক স্বাস্থ্য কর্মীর দ্বারা ৫৭১৬ জন খানা ভিজিটের মাধ্যমে ৪৫০৩ জন সক্ষম দম্পতির মধ্যে ২৮৪৭ জন পরিবার পরিকল্পনার অস্থায়ী পদ্ধতি ও ২৯৫ জন স্থায়ী পদ্ধতি গ্রহন করে। এতে মোট সদস্য ৩৫৮৪৮ জন, মোট ভিও ৬৫২ টি, মোট ঋনী (চলতি মাস) ১৬৭৩৮ জন। এছাড়া এ মাসে মাইক্রোফিন্যান্স কর্মসুচির মাধ্যমে ২,৮৩,৮৬,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ব্র্যাক কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচির মাধ্যমে ১১ টি ভ্যাকসিনেশন ক্যাম্প এর মাধ্যমে ৬৩৪টি গরুকে বিভিন্ন ধরণের রোগের টিকা দেওয়া হয়েছে। এছাড়াও ব্র্যাক ওয়াটার স্যানিটেশন এবং হাইজিন কর্মসূচির মোটিভেশনের মাধ্যমে ৭০ টি পরিবারে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন বসানো হয়েছে। এছাড়াও ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির মাধ্যমে ভিডিও মিটিং সম্পন্ন হয়েছে ১০৪৭টি।

কেয়ার, জিএসকে সিএইচ ডব্লিউ আই ইনিশিয়েটিভঃ উক্ত প্রকল্পের প্রকল্প কর্মকর্তা জনাব মোঃ আতিকুর রহমান সভায় জানান, কেয়ার জিএসকে সিএইচ ডব্লিউ আই সরকারী ও বেসরকারী অংশীদ্বারীত্বের ভিত্তিতে পরিচালিত একটি প্রকল্প। এই প্রকল্পের আওতাধীন দিরাই উপজেলার ০৯ টি ইউনিয়নে মা ও শিশু স্বাস্থ্য সেবা উন্নয়নের লক্ষ্যে পিসিএসবি এদের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রমের মাধ্যমে ১৩২৩ জন গর্ভবর্তী মাকে গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৬০ টি নরমাল ডেলিভারী করানো হয়েছে। এছাড়া দিরাই উপজেলার রফিনগর ইউপিতে এফডব্লিউসিতে ডেলিভারীর সংখ্যা ০১ টি। বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে ডেলিভারীর সংখ্যা ১৩ টি, প্রসূতি মাকে প্রসবোত্তর সেবা দেওয়া হয়েছে ৬৯৪ টি এবং ৬৯৪ জন নবজাতকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া গত মাসে ১১০ টি উঠান বৈঠক করা হয়েছে, ৪৬ জন মা ও ২৫ জন শিশুকে উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়েছে। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভায় অংশগ্রহন ০২টি, স্কিলল্যাব প্রশিক্ষন ০১টি কমিউনিটি হেলথ ওয়ার্কার কোয়াটারলি সমন্বয় মিটিং সম্পন্ন হয়েছে ২৯ টি। এছাড়া প্রসব পরিকল্পনা সেশন সংখ্যা সম্পন্ন হয়েছে ৩২টি, পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ের কাউন্সিলিং এর সংখ্যা ৩৮৬ টি। এছাড়া পদ্ধতি গ্রহনের জন্য রেফার এর সংখ্যা ৩৪ জন। এছাড়া চলতি মাসে বয়স্ক পুরুষ ও মহিলাদের সাধারণ রোগের চিকিৎসার সংখ্যা ৪১৯৩ জন।

ইসলামিক রিলিফ, বাংলাদেশঃ উক্ত প্রকল্পের প্রকল্প কর্মকর্তা জনাব রনি সভায় জানান যে, চলতি মাসে মোট সুফলভোগীর সংখ্যা ২৯২ জন এতিম শিশু ও তার পরিবার। এ মাসে ২৬ টি উঠান বৈঠকের মাধ্যমে ৪৪৮ জন অভিভাবকদের বিভিন্ন সচেতনতাবৃদ্ধিমূলক আলোচনা যেমন, প্রাথমিক স্বাস্থ্য সচেতনতা, শিশু স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ পানি, পরিস্কার পরিচ্ছন্নতা, শিশুদের শিক্ষা (উন্নয়নের

জন্য তদারকি ব্যবস্থা), শিশুদের মানসিক বিকাশের জন্য বিনোদনমূলক পরিবেশ সৃষ্টি ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। এতিম শিশুদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিত, শিশুদের শিক্ষার মান উন্নয়ন, পরীক্ষার ফলাফল সংগ্রহ ও পর্যালোচনার জন্য ২৪ টি বিদ্যালয় পরিদর্শন করা হয়। এছাড়া এ মাসে এতিম পরিবারের আয়বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহন, শিশুদের শিক্ষার উন্নয়ন, বসতভিটায় সবজি চাষ, পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং স্বাস্থ্য ও পয়ঃনিস্কাশন ব্যবস্থার উন্নতির জন্য ৯১ টি বাড়ী পরিদর্শন করা হয়। এছাড়াও ঝুঁকিপূর্ন শিশু যারা পিতৃ মাতৃহীন, অযত্ন, লেখাপড়ায় দূর্বল, শিশু শ্রমের সাথে জড়িত এমন শিশুর বাড়ি পরিদর্শন করা হয়েছে ১০ টি। এ মাসে ০২ টি শিশু ক্লাব (লাইব্রেরী) এর মাধ্যমে ৩৮ জন শিশু (ছাত্র/ছাত্রী) শিক্ষা ও বুদ্ধি বিকাশমূলক নেতৃত্ব বিকাশের জন্য নিজেরা শিক্ষা ও সচেতনতাবৃদ্ধিমূলক বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করে। এতিম শিশুদের পরিবারে আপদকালীন ব্যবহার ও বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কাজে জরুরী ব্যবহারের জন্য ২৪৬৫০/- টাকা সঞ্চয় সংগ্রহ করে সমিতির মাধ্যমে ব্যাংকে জমা করা হয়েছে।

**পপি, ভিজিডিঃ** উক্ত প্রকল্পের প্রকল্প কর্মকর্তা জনাব শ্যামল চন্দ্র দাস সভায় জানান, পপি(ভিজিডি) একটি বে-সরকারি সেবামূলক প্রতিষ্ঠান হিসাবে ২০০০ সাল থেকে স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রেখে সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার ০৯ টি ইউনিয়নের দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সেবা প্রদান করে আসছে। সেই লক্ষ্যে পপি(ভিজিডি) দিরাই উপজেলায় দরিদ্র জনগোষ্ঠির আর্থ সামাজিক উন্নয়নের লক্ষে ২০৭৮ জন হতদরিদ্র জনগোষ্ঠিকে ভিজিডি আওতাভূক্ত করা হয়। তাদের সঞ্চয়ী হিসাব নং-৭৩৮০, কৃষি ব্যাংক, দিরাই শাখায় তহবিল ৭১,৯১,৪৩৫/- টাকা জমা করা হয়েছে। এছাড়া এ মাসে ভিজিডি মহিলাদেরকে আইজিএ সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়।

*স্যানক্রেড ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইসিডিপি প্রজেক্ট)ঃ* উক্ত প্রকল্পের প্রকল্প কর্মকর্তা জনাব এমরুশ হাগিদক সভায় জানান, এ মাসে স্বল্পমূল্যে চিকিৎসা সেবা দেওয়া হয় ১৫৬ জনকে। এ মাসে মা ও শিশুদের পরিচর্যা বিষয়ক সেশন সম্পন্ন হয় ০৭ টি। আর্সেনিক সচেতনতামূলক সেশন সম্পন্ন হয় ০৮ টি, ইউনিয়ন স্বাস্থ্য বিষয়ক সভা সম্পন্ন হয় ০৯ টি, ইউনিয়ন লাইভলীহুড সভা সম্পন্ন হয় ০৫ টি, ইউনিয়ন জেন্ডার সভা সম্পন্ন হয় ০৭ টি। এছাড়া এ মাসে উচ্চ ফলনশীল আগাম জাতের ধান বীজ বিতরন করা হয় ২২ জন কৃষককে। এমাসে ওয়াটার এবং স্যানিটেশন মাস উপলক্ষ্যে বিশ্ব হাত ধোয়ার দিবস উদ্যাপন করা হয়। এছাড়াও এ মাসে বলাকা, দিগন্ত, রাচ এবং পিছিয়ে পড়া জনগোষ্ঠিদের নিয়ে গঠিত সমবায় সমিতি সমূহের নিয়মিত মাসিক মিটিং করা হয়।

**বিবিধ ঃ** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, সকল এনজিওকে স্ব স্ব সংস্থার কার্যক্রমের পাশাপাশি বাল্য বিবাহ প্রতিরোধে এগিয়ে আসতে হবে। মাঠ পর্যায়ে বাল্য বিবাহের কোন সংবাদ বা প্রস্তুতির খবর পেলে তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত সমূহঃ**

১. উপজেলা এনজিও সমন্বয় কমিটির সভা প্রতি মাসের ২য় সোমবার আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।
২. বাল্য বিবাহ প্রতিরোধে সকল এনজিওকে মাঠ পর্যায়ে সহায়ক ভুমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. ফেইসবুক পেইজে নিজ নিজ সংস্থার দৃশ্যমান কার্যক্রম আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৪. এনজিও বিষয়ক সভায় ইউপি চেয়ারম্যানগণকে নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।
৫. নির্ধারিত তারিখে কোন বিশেষ কারণে কোন সদস্য উপস্থিত থাকতে না পারলে একজন প্রতিনিধি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৬. প্রতি মাসের ১ম সপ্তাহে এনজিও কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং প্রতিবেদনে বরাদ্দের পরিমান, উপকারভোগীর সংখ্যা এবং চলতি মাসের কার্যক্রম স্পষ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৭. ক্ষুদ্র ঋণ, স্যানিটেশন, আর্সেনিক জরিপ, নলকূপ স্থাপনকারী এনজিও সমূহ উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এবং অন্য এনজিও এর সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করবেন।
৮. অনগ্রসর অতিদরিদ্র এলাকায় এনজিও কার্যক্রম জোরদার করার অনুরোধ জানানো হয়।
৯. কোন এনজিও বিদেশী প্রতিনিধিকে পরিদর্শনে আনার আগে নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা প্রশাসন এবং অফিসার ইনচার্জ, দিরাইকে অবহিত করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শরিফুল ইসলাম)
পরিচিতি নংঃ ১৬৮৩৯
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।
ফোন ঃ ০৮৭২৪-৫৬০১৭

স্মারক নং-০৫.৬০.৯০২৯.০০০.১৭.০১৫-১১২০/১ তারিখ: ১২ নভেম্বর ২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
০১. মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই,সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ
০১. চেয়ারম্যান,................................ইউপি (সকল) দিরাই,সুনামগঞ্জ।
০২.পরিচালক/ব্যবস্থাপক/টীমলিডার/প্রকল্প কর্মকর্তা ........................., দিরাই, সুনামগঞ্জ।
০৩.অফিস নথি/মাস্টার নথি।

পরিশিষ্ট-'ক'

উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব শরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
২. জনাবা ছবি চৌধুরী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
৩. জনাব গোলাপ মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
৪. জনাব মোঃ রেজুয়ান হোসেন খান, চেয়ারম্যান, রফিনগর ইউনিয়ন পরিষদ, দিরাই।
৫. জনাব মোঃ শাহজাহান কাজী, চেয়ারম্যান, ভাটিপাড়া ইউনিয়ন পরিষদ, দিরাই।
৬. জনাব সৌম্য চৌধুরী, চেয়ারম্যান, রাজানগর ইউনিয়ন পরিষদ, দিরাই।
৭. জনাব রতন কুমার দাস, চেয়ারম্যান, চরনারচর ইউনিয়ন পরিষদ, দিরাই।
৮. জনাব এহসান চৌধুরী, চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউনিয়ন পরিষদ।
৯. জনাব আছাব উদ্দিন সর্দার, চেয়ারম্যান, করিমপুর ইউনিয়ন পরিষদ, দিরাই।
১০. জনাব শিবলী আহমেদ বেগ, চেয়ারম্যান, জগদল ইউনিয়ন পরিষদ, দিরাই।
১১. জনাব আব্দুল কুদ্দুস, চেয়ারম্যান, তাড়ল ইউনিয়ন পরিষদ, দিরাই।
১২. জনাব মোঃ মুজিবুর রহমান, চেয়ারম্যান, কুলঞ্জ ইউনিয়ন পরিষদ, দিরাই।
১৩. জনাবা পারুল আক্তার,উপজেলা উন্নয়ন সমন্বয়কারী, ব্র্যাক, দিরাই এর পক্ষে।
১৪. জনাবা মোঃ আতিকুর রহমান, কেয়ার জিএসকে সিএইচডাব্লিউওয়াই, দিরাই।
১৫. জনাব এমরুশ হাগিদক, টীম লিডার, স্যানক্রেড ওয়েলফেয়ার ফাউন্ডেশন, দিরাই, সুনামগঞ্জ।
১৬. জনাব শ্যামল চন্দ্র দাস, প্রকল্প কর্মকর্তা, পপি (ভিজিডি), দিরাই, সুনামগঞ্জ।
১৭. জনাব মানিক বিশ্বাস, প্রকল্প কর্মকর্তা, সল্ট ফাইনান্সিয়াল লিটারেসি ইন্টারন্যাশনাল, দিরাই, সুনামগঞ্জ।

অনুপস্থিত এনজিও প্রতিনিধি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. জনাব প্রদীপ দাস, প্রতিনিধি, ইউইআরডি, দিরাই, সুনামগঞ্জ।
২. জনাব রুবেল চৌধুরী, আইপাস বাংলাদেশ, দিরাই, সুনামগঞ্জ।
৩. জনাব মোঃ রনি খাঁন, ফিল্ড অফিসার, ইসলামিক রিলিফ (বাংলাদেশ), দিরাই, সুনামগঞ্জ।
৪. জনাব জাহাঙ্গীর আলম, প্রকল্প কর্মকর্তা, সীমান্তিক(নতুন দিন), দিরাই, সুনামগঞ্জ।
৫. জনাব রহমত আলী, প্রকল্প কর্মকর্তা, সুইস কন্ট্রাক্ট, দিরাই, সুনামগঞ্জ।